ALL INDIA RADIO

RNU SILCHAR

MORNING BULLETIN SCRIPT

18 JUNE 2025 BENGALI 7:35 AM

---

রাজ্যে আগামী ২০ সেপ্টেম্বর থেকে ডিব্রুগড় ও গুয়াহাটীর মধ্যে প্রভাতী বিমান পরিষেবা শুরু হবে । এছাড়া সেদিন থেকেই যোরহাট থেকে নতুন দিল্লী যাওয়া অন্য একটি বিমানের পরিষেবাও শুরু হবে । মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা গতকাল ডিব্রুগড়ের মূখ্যমন্ত্রীর সচিবালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন ।
মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা শিবসাগরের ভাটিয়াপারায় ও এন জি সি-র গ্যাস নির্গমনের ফলে ক্ষতিগ্রস্থ ৩৩২টি পরিবারকে মূখ্যমন্ত্রী সাহায্য তহবিল থেকে ২৫ হাজার টাকা প্রদান করার কথাও সাংবাদিক সম্মেলনে জানান ।

---

এদিকে  কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস দপ্তরের মন্ত্রী হরদ্বীপ সিং পুরী শিবসাগর জেলার রুদ্রসাগর তৈল ক্ষেত্রের অধীনে ১৪৭ নম্বর যন্ত্র থেকে গত কয়েকদিন থেকে বের হতে থাকা গ্যাস নির্গমন প্রতিরোধ করার জন্য তেল ও প্রাকৃতিক গ্যাস নিগমের চালানো প্রচেষ্টার গতকাল খোজখবর নিয়েছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় কেন্দ্রীয় মন্ত্রী শ্রীপুরী বলেন যে তেল ও প্রাকৃতিক গ্যাস নিগমের বিভিন্ন কেন্দ্র থেকে বিশেষজ্ঞ লোকেদের আনা হয়েছে ও পরিস্থিতি নিয়ন্ত্রনের জন্য উচ্চ ক্ষমতা সম্পন্ন পাম্প ব্যবহার করা

হচ্ছে । শ্রীপুরী আরো বলেন যে অ এন জি সির আধিকারিকরা আর্ন্তজাতিক বিশেষজ্ঞদের সংগে নিরন্তর যোগাযোগ রেখে যাচ্ছেন ।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব  গতকাল এক বিজ্ঞপ্তি জারী করে জেলার সব সরকারি কার্যালয়ের প্রধানদের,  নিজ কার্যালয়ের কাজকর্মে ইংরেজি ভাষার পাশাপাশি বাংলা ভাষার ব্যবহার বাধ্যতামূলক করেছেন । এ ব্যাপারে আসাম সরকারের অধীনের জেলার সব কার্যালয়ের প্রধানদের ইংরেজি ভাষার পাশাপাশি বাংলা ভাষায়ও সব সরকারি বিজ্ঞপ্তি, দপ্তরের স্মারক  জারি করার অনুরোধ করা হয়েছে ।

---

শ্রীভূমি পুলিশের একটি দল গতকাল  জেলার সাদারাশি গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের গিরিশগঞ্জের থেকে শ্রীভূমি শহর অভিমুখে আসার সময় লক্ষ্মীবাজার সড়কে অভিযান চালিয়ে একটি মোটর সাইকেলের গোপন চেম্বার থেকে ৪০ হাজারটি নেশাযুক্ত ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । এই ঘটনায় জড়িত সন্দেহে একজনকে পুলিশ গ্রেপ্তার করেছে । উদ্ধার হওয়া ট্যাবলেটগুলির বাজার মূল্য প্রায় আট কোটি টাকা হবে বলে পুলিশ সূত্রে জানা গেছে । পুলিশ অভিযুক্তর বিরুদ্ধে মামলা দায়ের করে জেরা অব্যাহত রেখেছে । এ বিষয়ে পুলিশ  আধিকারিক নারায়ণ বরো জানিয়েছেন-

বাইট

---

অসম পুলিশ সেবার অভিজ্ঞ আধিকারীক অমিতাভ সিনহা গতকাল হাইলাকান্দি জেলার সিনিয়র সুপারেনটেনডেন্ট অব পুলিশ পদে দায়িত্ব গ্রহন করেছেন ।

---

কাছাড়ের খাদ্য ,গণ বন্টন ও গ্রাহক পরিষেবা বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জেলার পাইকারী ও খুচরো বাজারের নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মজুদ ও মূল্য সর্ম্পকে অবগত করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে চালের পাইকারী মূল্য ৩৩ শ থেকে ৩৫শে টাকা এবং খুচরো মূল্য ৩৮ থেকে ৪১ টাকা । জেলায় আরো দু লক্ষ ১৪ হাজার চালের ব্যাগ আসছে এবং জেলায় প্রায় ৫৪ দিনের চাল মজুদ রয়েছে । এদিকে মুশুর ডাল , মুগ ডাল , অড়হর ডালের ৩৯ দিনের মজুদ রয়েছে । এছাড়া অন্যান্য নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মধ্যে চিনির মজুদ ১৩ হাজার ব্যাগ এবং খুচরো বাজার মূল্য ৫১ থেকে ৫২ টাকা , পেঁয়াজ ২৬ থেকে ২৭ টাকা ধার্য্য করা হয়েছে । জেলায় লবনের মজুদ ৩০ হাজার ব্যাগ রয়েছে যা আগামী ৮৩ দিন চলতে পারে বলে জানানো হয়েছে ।

---

শিলচরের মহিলা কলেজ ও ভাবীকাল থিয়েটার গ্রুপের মধ্যে নাটকের প্রসারের জন্য গতকাল একটি চুক্তি সাক্ষরিত হয়েছে । চুক্তি সাক্ষর অনুষ্ঠানে মহিলা কলেজের অধ্যক্ষ ডক্টর সুজিত তেওয়ারী ও ভাবীকাল থিয়েটার গ্রুপের নির্দেশক শান্তুন পাল উপস্থিত ছিলেন । আগামী তিন বছরের জন্য সাক্ষরিত চুক্তি অনুযায়ী মহিলা কলেজ নাটক প্রশিক্ষনের উপযুক্ত পরিকাঠামো ও আগ্রহী ছাত্রী দেবে । অন্য দিকে ভাবীকালের পক্ষ থেকে প্রশিক্ষন ও নির্দেশক প্রদান করা হবে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং জালালপুর কুশিয়ারকুলের নেতাজী সংঘের ব্যবস্থাপনায় আজ র নাতানপুর বি এস এফ ক্যাম্পের নিকটে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

এদিকে শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী ২২শে জুন বড়খলা বিধানসভা কেন্দ্রের হরিণছড়া বাগান দূর্গা মন্ডপে অনুরূপ চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটিও সকাল ১০টায় শুরু হবে ।

---

শিলচরের সামাজিক ও ক্রীড়া সংগঠন- খোঁজ'এর উদ্যোগে এবং সোনাই ফুটবল অ্যাকাদেমির পরিচালনায় দ্বিতীয় পরেশ চন্দ্র দত্ত ও জ্যোৎস্না দত্ত স্মৃতি ট্রফি প্রাইজমানি অনুর্দ্ধ-১৯ গ্রামীণ ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় মসখল স্পোর্টিং ক্লাব এবং ঝাঞ্জরবালি দল পরস্পরের মুখোমুখি হচ্ছে ।

সোনাইয়ের নিত্যগোপাল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতায় ষোলটি দল অংশ নিচ্ছে । গতকাল প্রতিযোগিতার প্রথম রাউন্ডের সপ্তম খেলায় বেরাবাক স্পোর্টিং ক্লাব টাইব্রেকারে দিদারখুশফুটবল দলকে ৩-২ গোলে পরাজিত করে ।

---

---